

কালের বর্ধ

ঢাকা। বুধবার। ১৪ জানুয়ারি ২০২৬
৩০ পৌষ ১৪৩২। ২৪ রজব ১৪৪৭



এআই নিয়ে এনএসইউয়ে ইউএনডিপি কর্মশালা



নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ডিপার্টমেন্ট অব ম্যানেজমেন্ট ও ইউএনডিপি বাংলাদেশের যৌথ উদ্যোগে ১৩ জানুয়ারি এসবিই ডিনস কনফারেন্স রুমে 'রেসপন্সিবল এআই ইন প্র্যাক্টিস : সিভিল সোসাইটি, গভর্ন্যান্স, অ্যান্ড অ্যাকাউন্টেবিলিটি ইন বাংলাদেশ' শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এই কর্মশালায় অংশগ্রহণ করেন ইউএনডিপি বাংলাদেশের ডেমোগ্রাফিক গভর্ন্যান্স অ্যাডভাইজার শীলা তাসনিম হক, এনএসইউয়ের ম্যানেজমেন্ট বিভাগের সহকারী অধ্যাপক ড. জুলকারিন জাহান্নীর, ইউনিভার্সিটি অব টরন্টোর সহযোগী অধ্যাপক ড. সাইয়েদ ইশতিয়াক আহমেদ, ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অব ওয়েলিংটনের পিএইচডি ক্যান্ডিডেট শফিকুল আলম এবং এনএসইউয়ের ম্যানেজমেন্ট বিভাগের সিনিয়র লেকচারার কাজী তাফসিরুল ইসলাম। সেশনটির সভাপতিত্ব করেন এনএসইউয়ের ডিপার্টমেন্ট অব ম্যানেজমেন্টের সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান ড. জিয়াউল হক আদনান।